

**ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা**  
কামালঘাট, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা-৭৯৯২ ১০

সেহা নং-আইইউ-ত্রিপুরা/ ১ (৮)/২০ ১৫- ১৬/ডি-০ ১৪৩

তারিখঃ ২৩ মে ২০ ১৫ ঈং

**ইকফাই বিশ্ববিদ্যালয়ে আইন  
সহায়তা কেন্দ্রের যাত্রা শুরু**

আগরতলা, ২৩ মেং

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার কামালঘাটস্থিত ক্যাম্পাসে চালু হল আইন সহায়তা কেন্দ্র। এই কেন্দ্র চালু হওয়ার ফলে মোহনপুর মহকুমার বিস্তীর্ণ অঞ্চলের প্রত্যাশী নাগরিকগণ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আইনি পরামর্শ ও সহায়তা নিতে পারবেন। প্রতি সপ্তাহের বুধ ও রবিবার জনস্বার্থে এই আইন সহায়তা কেন্দ্র খোলা থাকবে।

শানিবার সন্ধিয়ায় অনাড়ম্বর এক অনুষ্ঠানের মাধ্যমে ফিঁতে কেটে আইন সহায়তা কেন্দ্রের উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরার জেলা ও দায়রা বিচারক মাননীয় সুভাষ শিকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্য আইনসেবা পর্ষদের সদস্য সচিব বিশ্বজিত পালিত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য আইনসেবা পর্ষদের উপ-সচিব ধীমান দেববর্মা ও দুই শিক্ষানবীস অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক যথাক্রমে আগুতোষ পান্ডে এবং বিশ্বজিত পান্ডে।

সংক্ষিপ্ত উদ্বোধনী ভাষণ দেন ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার সহ-উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার। তিনি ক্যাম্পাসে আইন সহায়তা কেন্দ্র চালু করার ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ত্রিপুরা রাজ্য আইনসেবা পর্ষদকে অশেষ ধন্যবাদ জানান ও বলেন, এই কেন্দ্র চালু হওয়ার ফলে সান্নিকটস্থ এলাকাসহ মোহনপুর মহকুমার সাধারণ মানুষ যেমন আইনি সহায়তা পাবেন তেমনি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের পড়ুয়ারাও ব্যবহারিক বিষয়ে সম্মত ধারণা লাভ করতে পারবে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিশ্বজিত পালিত রাজ্য আইনসেবা পর্ষদের কাজের পরিধি এবং আইন সহায়তা কেন্দ্রের উপযোগিতা নিয়ে বিশদ বক্তব্য রাখেন। তিনি জানান, সমাজের সাধারণ নাগরিকদের বিনামূল্যে প্রাথমিকস্তরে আইনি সহায়তা দিতেই সারা রাজ্যে এখন অব্দি মোট ৮৫টি আইন সহায়তা কেন্দ্র চালু করা হচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, ইকফাই বিশ্ববিদ্যালয়ের আইন সহায়তা কেন্দ্র সততই প্রত্যাশী বিচার প্রাথীদের সহায়ক হয়ে উঠবে।

প্রধান অতিথির ভাষণে পশ্চিম ত্রিপুরার জেলা ও দায়রা বিচারক সুভাষ শিকদার জানান, সাধারণ নাগরিকদের অনেকেই পেট খারাপ, জ্বর জাতীয় ছেটখাটো রোগের অযুধ জানলেও আইনের প্রাথমিক বিষয়ে বেশীরভাবে ন্যূনতম ধারণা নেই। তাদের প্রয়োজনীয় সহায়তা দেবার ক্ষেত্রে আইন সহায়তা কেন্দ্রগুলো অত্যন্ত সময়োপযোগি ভূমিকা নিতে পারে বলে তিনি মন্তব্য করেন। ইকফাই বিশ্ববিদ্যালয়ে চালু হওয়া আইন সহায়তা কেন্দ্রটি সাধারণ নাগরিকদের ভরসাস্থল হয়ে উঠবে বলে তিনি আশাপ্রকাশ করেন। অনুষ্ঠানে স্থানীয় তিনজন জনপ্রতিনিধি যথাক্রমে পূরণলাল দাস, নিরঙ্গন দাস ও সবিতা ঘোষ উপস্থিত ছিলেন।

**প্রেস বিবৃতি**